



স্মারক নং- রামপ/একা/পরিঃ ফরম পূরণ-নোটিশ/২০১৬/১৮৯

তারিখঃ ০৭/০১/২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২০১৬ প্রবিধানভুক্ত ২য়, ৪র্থ, ৬ষ্ঠ, ৮ম পর্ব নিয়মিত ও ৫ম, ৭ম পর্ব অকৃতকার্য বিষয় এবং ২০১০ প্রবিধানভুক্ত ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম পর্ব অকৃতকার্য বিষয় এবং ৮ম পর্ব অনিয়মিত বিষয়ের পরীক্ষা-২০২০ এর ফরম পূরণ প্রসঙ্গে।

সূত্র : বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.২০-০১ তারিখ- ০৬/০১/২০২০ খ্রিস্টাব্দ

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অত্র ইনস্টিটিউটের সকল টেকনোলজির উভয় শিফটের সকল ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ২০১৬ প্রবিধানভুক্ত ২য়, ৪র্থ, ৬ষ্ঠ, ৮ম পর্ব নিয়মিত ও ৫ম, ৭ম পর্ব অকৃতকার্য বিষয় এবং ২০১০ প্রবিধানভুক্ত ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম পর্ব অকৃতকার্য বিষয় এবং ৮ম পর্ব অনিয়মিত বিষয়ের পরীক্ষা-২০২০ আগামী ০৪ ফেব্রুয়ারী ২০২১ খ্রিঃ রোজ বৃহস্পতিবার হতে অনুষ্ঠিত হবে। উল্লিখিত পরীক্ষার পরীক্ষার্থীদেরকে নিম্নোক্ত ছক অনুযায়ী রূপালী ব্যাংক লিমিটেড এর শিওর ক্যাশ এর মাধ্যমে ফি প্রদান পূর্বক তালিকা ভুক্তির জন্য নির্দেশ প্রদান করা হলো।

পরীক্ষার বিস্তারিত সময়সূচী যথাসময়ে অবহিত করা হবে।

পরীক্ষার নাম	ফি প্রদানের তারিখ ও সময়	মন্তব্য
২য়, ৪র্থ, ৬ষ্ঠ, ৮ম নিয়মিত এবং ৮ম (অনি)	১০/০১/২০২১ খ্রিঃ হইতে ১৭/০১/২০২১ খ্রিঃ রাত ১১.৫৯ ঘটিকা পর্যন্ত	

শিওর ক্যাশ এর মাধ্যমে ফি প্রদান এর নিয়ম :

SEMESTER	ID No	Payment Code
2 nd , 4 th , 6 th & 8 th , (8 th -Irre)	Board Roll	RMPI

উল্লিখিত তারিখের মধ্যে তালিকাভুক্ত করনে ব্যর্থ ছাত্রীদের ৩০০/- (তিনশত) টাকা বিলম্ব ফি প্রদান পূর্বক আগামী ১৯/০১/২০২১ ইং তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে ২য়, ৪র্থ, ৬ষ্ঠ, ৮ম নিয়মিত এবং ৮ম (অনিয়মিত) পর্বের ছাত্রীদের তালিকা ভুক্ত করা যাবে।

ছাত্রীদের আরও জানানো যাচ্ছে যে, তালিকাভুক্ত হওয়ার পূর্বে ইনস্টিটিউটের যাবতীয় পাওনা যেমন- টিউশন ফি, ছাত্রীনিবাস ও অন্যান্য পাওনাদি পরিশোধ পূর্বক রসিদ সমূহের এক কপি (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/রেজিস্ট্রারের নিকট জমা দিতে হবে।

নির্ধারিত তারিখের মধ্যে তালিকাভুক্ত হতে ব্যর্থ হলে এ জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না, উহার জন্য সংশ্লিষ্ট ছাত্রী দায়ী থাকবে। এজন্য সকল ছাত্রীকে নির্ধারিত তারিখের পূর্বেই ফরম পূরণের জন্য পরামর্শ দেওয়া যাচ্ছে।

(মোঃ ওমর ফারুক)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট

ফোন- ০২৪৭-৮৬০০৪৪

তারিখঃ ০৭/০১/২০২১ খ্রিস্টাব্দ

স্মারক নং- রামপ/একা/পরিঃ ফরম পূরণ-নোটিশ/২০১৬/১৮৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা-১২০৭।

৩। বিভাগীয় প্রধান- সকল, অত্র ইনস্টিটিউট।

৪। পরীক্ষা নিয়ন্ত্রণ কর্মকর্তা, অত্র ইনস্টিটিউট।

৫। ফোকাল পারসন- অত্র ইনস্টিটিউট। (বিজ্ঞপ্তিটি অত্র প্রতিষ্ঠানের ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)

৬। মোঃ আরিফুর রহমান, রিলেশনশিপ ম্যানেজার, শিওর ক্যাশ মোবাইল ব্যাংকিং।

৭। ক্যাশিয়ার, অত্র ইনস্টিটিউট।

৮। নোটিশ বোর্ড, অত্র ইনস্টিটিউট।

৯। নথি।

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট